গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বানিয়াচং,হবিগঞ্জ।
Web.www.baniachong.habiganj.gov.bd

স্মারক নম্বর -০৫.৬০.৩৬১১.০০৫.০১.৫৯৫.১৬.২০- ৩২৬

তারিখ : ৩০.০৬.২০২০খ্রিস্টাব্দ

## উপজেলা পরিষদের ০৩(তিন) টি পুকুর ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন/দরপত্র বিজ্ঞপ্তি
## (বিজ্ঞপ্তি নং-০১/১৪২৭ বাংলা )

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বানিয়াচং উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন ০৩(তিন) টি পুকুর (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য) ১৪২৭-১৪২৯ বাংলা সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্তাবলীর অধীনে নির্ধারিত আবেদন ফরমে আবেদন/ দরপত্র আহবান করা যাচ্ছে।

আবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক অফিস চলাকালীন সময়ের মধ্যে গৃহীত ও দাখিল করতে হবে।

ঃ দরপত্রের দিনপঞ্জি ঃ

| আবেদনের পর্যায় | আবেদন/দরপত্র ফরম বিক্রির তারিখ (সকাল ০৯.০০ ঘঃ হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত) | আবেদন/দরপত্র দাখিলের তারিখ (বিকাল ০৫.০০ ঘঃ পর্যন্ত) | আবেদন/দরপত্র খোলা ও সভার তারিখ ও সময় সকাল ১১.০০ ঘঃ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৩ ও ১৪ জুলাই,২০২০খ্রিস্টাব্দ | ১৫ জুলাই,২০২০খ্রিস্টাব্দ | ১৬ জুলাই,২০২০ খ্রিস্টাব্দ | উল্লেখ্য যে,প্রতি পর্যায়ের লীজকৃত জলমহাল/ পুকুর ব্যতিত অবশিষ্ট জলমহাল/ খাস পুকুরসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। প্রতি পর্যায়ের অইজারাকৃত জলমহাল/খাস পুকুরের তালিকা পরবর্তী পর্যায়ে আবেদন ফরম ক্রয়ের পূর্বে অত্রাফিস হতে জানা যাবে। |
| ২য় পর্যায় | ২২ ও ২৩ জুলাই,২০২০খ্রিস্টাব্দ | ২৬ জুলাই,২০২০খ্রিস্টাব্দ | ২৭জুলাই,২০২০ খ্রিস্টাব্দ | |
| ৩য় পর্যায় | ০৪ ও ০৫ আগস্ট,২০২০খ্রি. | ০৬ আগস্ট,২০২০খ্র. | ০৯আগস্ট,২০২০ খ্রিস্টাব্দ | |

### " শর্তাবলী "

০১। নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে পুকুর ইজারা প্রদানের জন্য ফরম ৫০০/=(পাঁচশত) টাকা মূল্যে অথবা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর বিনিময়ে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে।

০২। যে কোন ব্যক্তি উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন পুকুর ইজারা প্রদান টেন্ডারে অংশ গ্রহণ করতে পারবেন।

০৩। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় আবেদনকারী পুরো নাম ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের নির্ধারিত স্থানে আবশ্যিক ভিত্তিতে পুকুরের নাম উল্লেখ করতে হবে।

০৫। আবেদনপত্রের নির্ধারিত স্থানে আবশ্যিক ভিত্তিতে পুকুরের বার্ষিক ইজারা মূল্য উল্লেখ করতে হবে।

০৬। পুকুরের সর্বোচ্চ দরদাতাকে পুকুর ০৩টি ইজারা প্রদান করা হবে।

০৭। প্রতিটি পুকুর ১৪২৭-১৪২৯ বাংলা মেয়াদে অর্থাৎ ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে ।

০৮। পুকুরের ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে। বছরের যে কোন সময়ে পুকুর ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং ৩০শে চৈত্র ইজারার মেয়াদ শেষ হবে। তবে এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা উপজেলা পরিষদের হিসাবে জমা করা হবে।

০৯। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট পুকুরের উপর ইজারা গ্রহিতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে কোন পুকুরের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত পুকুরের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা পরিষদের উপর ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় দেয়া হবে না।

১০। আবেদনকৃত পুকুরের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত ব্যক্তির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন ব্যক্তির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১১। ইজারা গ্রহণের পরবর্তী বছরের লীজ মানি ১৫চৈত্র তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন পুকুরের লীজ বাতিল করা হলে উপজেলা পরিষদ উক্ত পুকুর পুনরায় যথা নিয়মে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। ইজারা গ্রহিতার নামে ইজারাকৃত পুকুর কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্টিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তাহলে উক্ত ইজারা বাতিল করা হবে এবং জমাকৃত ইজারামানি উপজেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত ইজারা গ্রহিতা ব্যাক্তি পরবর্তী ৩ (তিন) বছর পুকুর ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না ।

চলমান পাতা-০২

১৩। ইজারা প্রদত্ত পুকুরগুলো ইজারা চুক্তির কোন শর্ত লংঘিত হচ্ছে কি-না সে জন্য বিদ্যমান মৎস্য আইনের আওতায় যাচাই বাছাই করে পুকুর ইজারা চুক্তি ভঙ্গের প্রমান পাওয়া গেলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪। ইজারা প্রাপ্ত ব্যক্তি প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পরিষদ কর্তৃক নির্ধারিত হিসাবে জমা করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক পুকুরের দখল বুঝিয়ে দেয়া হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তি সঙ্গত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ উপজেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৫। উপজেলা পরিষদের পুকুর ইজারা গ্রহণকারী ব্যক্তি সরকারি নিয়ম অনুযায়ী ইজারামূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট কোড নং-১/১১৩৩/০০০০/০৩১১ তে এবং ৫% আয়কর (উৎস কর) ১/১১৪১/০০০০/০১১১ তে জমা প্রদান করবেন।

১৬। জলমহাল/খাস পুকুর সমূহ যে অবস্থায় আছে তদাবস্থায় ইজারা প্রদান করা হবে। দরপত্র দাখিলের পূর্বেই মহাল সরজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে শুনে আবেদন পত্র দাখিল করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে নয়।

১৭। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধান সমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৮। স্বত্ব মামলাভূক্ত জলমহাল/খাস পুকুরের ক্ষেত্রে ইজারা প্রদানের বিষয়ে বিধি নিষেধ আরোপিত না থাকলে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

১৯। কোন পুকুর ইজারা প্রদান করা হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে কোন স্বত্ব মামলার উদ্ভব হলে/কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারী হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবে না বা কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২০। কোন পুকুর ইজারা কার্যক্রমের পর্যায়ে উর্ধ্বতন কর্তৃপক্ষসহ বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ক্রিয়ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

২১। যে সমস্ত পুকুরের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা/আদালত কর্তৃক স্বত্ব মোকদ্দমা/কিংবা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বারিত করা হয়েছে সে সমস্ত জলমহাল/খাস পুকুর এই বিজ্ঞপ্তির আওতামুক্ত থাকবে অর্থাৎ সে সমস্ত জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তির কার্যকারিতা থাকবে না।

২২। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

৩০/০৬/২০২০

মাসুদ রানা
উপজেলা নির্বাহী অফিসার
বানিয়াচং,হবিগঞ্জ।
ফোন-০৮৩২৪-৫৬০০৩, ফ্যাক্স-০৮৩২৪-৫৬১৯৪
ই-মেইল : unobaniachong@mopa.gov.bd

স্মারক নং-০৫.৬০.৩৬১১.০০৫.০১.৫৯৫.১৬.২০- ৬২৭ (৫০) তারিখ:৩০.০৬.২০২০খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ -২ নির্বাচনী এলাকা।
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।
০৪। সহকারী কমিশনার (ভূমি), বানিয়াচং , হবিগঞ্জ।
০৫। চেয়ারম্যান, .....(সকল) বানিয়াচং, হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ, অফিসার ইনচার্জ, বানিয়াচং থানা। বহুল প্রচারের জন্য।
০৭। উপজেলা কৃষি/মৎস্য/ অফিসার ইনচার্জ, বানিয়াচং থানা সমবায়/সমাজ সেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা, বানিয়াচং হবিগঞ্জ। তাকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .....(সকল) ইউনিয়ন ভূমি অফিস, বানিয়াচং, হবিগঞ্জ। হাট-বাজার ও গুরুত্বপূর্ণ স্থান সমূহে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩০/০৬/২০২০

উপজেলা নির্বাহী অফিসার
বানিয়াচং,হবিগঞ্জ।

পরিশিষ্ট "ক"

**১৪২৭-১৪২৯ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারাযোগ্য পুকুরের তালিকা ঃ**

| ক্রমিকনং | পুকুরের নাম | সরকারী ইজারামূল্য (বার্ষিক) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | বি এ ডি সি ভবনের দক্ষিণ পার্শ্বের পুকুর | ৮৪,৫২৫/- | |
| ০২ | উপজেলা পরিষদের শহীদ মিনার সংলগ্ন ও কোর্ট বিল্ডিং এর দক্ষিণ দিকের পুকুর | ১০৪৭৩৮/- | |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের দক্ষিণ দিকের টু-ইন কোয়ার্টার সংলগ্ন পুকুর | ৪১,৩৪৪/- | |